



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)  
কৃষি ভবন  
৪৯-৫১ দিলকুশা, ঢাকা  
সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ  
www.badc.gov.bd



স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.০৬.০০১.২৪.০৬

তারিখ: ০৫ মাঘ ১৪৩২  
১৯ জানুয়ারি ২০২৬

## অফিস আদেশ

দি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর ১০০ নম্বর বিধি মোতাবেক সরাসরি নগদ ক্রয় পদ্ধতি অনুসরণ করে পরিচালনা বাজেট হতে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও আবশ্যিকীয় কার্য, সেবা (যেমন- রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহন এবং অন্যান্য সেবা, ইত্যাদি) কাজ সম্পাদন করার ক্ষেত্রে সকল আয়ন ও ব্যয় (ডিডিও) কর্মকর্তাদের পদের গ্রেডভিত্তিক 'হেড অব প্রকিউরিং এন্টিটি' অর্থাৎ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে তাদের নিম্নরূপ আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো:

ক্র.নং	দপ্তর	উপজেলা পর্যায়	বিভাগীয়/আঞ্চলিক/জেলা পর্যায়	সংস্থার সদর দপ্তর	
০১.	সংস্থার ডিডিওগণের পদমর্যাদা	৯ম-৬ষ্ঠ গ্রেড	৫ম-৩য় গ্রেড	৫ম গ্রেড	৪র্থ-২য় গ্রেড
০২.	প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক	৪০,০০০/-	৬০,০০০/-	৬০,০০০/-	৭৫,০০০/-
০৩.	বৎসরে অনধিক	১৫ লক্ষ	২০ লক্ষ	২০ লক্ষ	২৫ লক্ষ

- ২। মাঠ পর্যায়ের ৫ম-৩য় গ্রেডভুক্ত কর্মকর্তাগণ কার্যপরিমি বিবেচনায় কর্মস্থল নির্বিশেষে বিভাগীয়/আঞ্চলিক/জেলা পর্যায়ের কর্মকর্তা হিসেবে বিবেচিত হবে;
- ৩। সরকারী ক্রয় পদ্ধতি অনুযায়ী কাজ সম্পাদনের ক্ষেত্রে পিপিআর, ২০২৫ এর বিধি ১০০ যথাযথভাবে অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই এর ব্যত্যয় ঘটানো যাবে না;
- ৪। সরাসরি নগদ ক্রয়ের ক্ষেত্রে কোন অবস্থাতেই উপরিউক্ত ছকে বর্ণিত অর্থের পরিমাণ অতিক্রম করা যাবে না;
- ৫। বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে বিধি-১০০ মোতাবেক স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও অত্যাবশ্যিকীয় কার্য, সেবা যেমন-রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহন, এবং অন্যান্য সেবা ক্রয় করা যাবে;
- ৬। কোন ক্ষেত্রে অর্পিত ক্ষমতার অতিরিক্ত মূল্যে পণ্য/সেবা ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ক্ষুদ্র আকারের নির্মাণ কাজ সম্পাদন করতে হলে আর্থিক ক্ষমতাপ্রাপ্ত নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট থেকে পূর্বেই প্রশাসনিক ও আর্থিক অনুমোদন গ্রহণ করতে হবে;
- ৭। কোন ক্ষেত্রে প্রদত্ত আর্থিক ক্ষমতা বহির্ভূত ও বাজেটের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- ৮। সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে/বিষয়ে পিপিআর ২০২৫ অনুসরণপূর্বক কার্য সম্পাদিত হবে;
- ৯। ইতঃপূর্বে জারীকৃত সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-১২.০৬.০০০০.২০৫.২২.০১৭.২০১৭.৫৭২; তারিখ: ২৪ অক্টোবর ২০১৭ অফিস আদেশটি বাতিল বলে গণ্য হবে;
- ১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২/০১/২০২৬

(আবু জাফর রাশেদ)  
(উপসচিব)

সচিব, বিএডিসি, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৮৪৩৫৯

ইমেইল: secretary@badc.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। .....বিএডিসি, ঢাকা।  
(সকল দপ্তর/বিভাগীয় প্রধান)
- ২। প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা)/ সচিব এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৫। অফিস কপি।